গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৯.২২-১৬৮৩ তারিখ: ২৭ অগ্রহায়ণ, ১৪২৯ / ১২ ডিসেম্বর, ২০২২

**বিষয়:** মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মসূচি প্রণয়ন বাস্তবায়নের লক্ষ্যে ১১/১২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

**সূত্র:** এ বিভাগের প্রশাসন-১ শাখার পত্র সংখ্যা-১৪৫৩, তারিখ: ১১/১২/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মসূচি প্রণয়ন বাস্তবায়নের লক্ষ্যে ১১/১২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**সংযুক্তি:** সভার কার্যবিবরণী।

১২/১২/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোন: ০২৯৫১৪১৪২

মেয়র/প্রশাসক
সকল পৌরসভা

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৯.২২-**১৬৮৩/১(৫)** তারিখ: ২৭ অগ্রহায়ণ, ১৪২৯ / ১২ ডিসেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি।

১২/১২/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব

Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয় : মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে Zoom Apps – এর মাধ্যমে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মুহম্মদ ইব্‌রাহিম
সচিব, স্থানীয় সরকার বিভাগ।

তারিখ : ১১/১২/২০২২

সময় : বেলা ০২.০০ ঘটিকা

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল বীর শহীদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। একই সাথে পঁচাত্তরের ১৫ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ শাহাদতবরণকারী সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করা হয়। মহান বিজয় দিবস ১৬ই ডিসেম্বর আমাদের জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ দিবস। এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্মসূচি নির্ধারণ করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। জাতীয় কর্মসূচির আলোকে মহান বিজয় দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় সুন্দর, সুষ্ঠু, পরিবেশে উদযাপনের লক্ষ্যে বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| নং | **কর্মসূচি** | **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|
| ১। | (ক) মহান বিজয় দিবস-২০২২ উপলক্ষ্যে ১৬/১২/২০২২ তারিখ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন।<br>(খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উচুঁ ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন।<br>(গ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারী স্থাপনাসমূহে আলোকসজ্জা। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ২। | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন ফেস্টুন দ্বারা সজ্জিতকরণ। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান |

| নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩। | মহান বিজয় দিবস-২০২২ উপলক্ষ্যে ১৬/১২/২০২২ তারিখ সকাল ০৭.৩০ ঘটিকায় স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে/পক্ষে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থাসমূহ |
| ৪। | তেজগাঁও পুরাতন বিমান বন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সকাল ১০.৩০ টায় বীর মুক্তিযোদ্ধা, সেনাবাহিনী, নৌ-বাহিনী, বিমান বাহিনী, বিএনসিসি, বর্ডারগার্ড, কোস্টগার্ড, পুলিশ, র‍্যাব, আনসার ও ভিডিপি, কারারক্ষীগণ কর্তৃক বর্ণাঢ্য কুচকাওয়াজ এবং বিমান বাহিনীর বিশেষ ফ্লাইপাস্ট এবং এরোবেটিক্স এয়ার শো, উড়ন্ত হেলিকপ্টার হতে রজ্জু বেয়ে অবতরণ, প্যারাসুট জাম্প, চলন্ত যান্ত্রিক সামরিক কন্টিনজেন্টের সালাম, মহামান্য রষ্ট্রপতি কর্তৃক সালাম গ্রহণ ও কুচকাওয়াজ অনুষ্ঠানে অংশগ্রহণ। | আমন্ত্রিত অতিথিবৃন্দ |
| ৫। | সকল সিটি কর্পোরেশনের উদ্যোগে বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন। | সিটি কর্পোরেশন (সকল) |
| ৬। | দেশের সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থান শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করা। | সংশ্লিষ্ট সকল সিটি কর্পোরেশন ও পৌরসভা |
| ৭। | ক) জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন- শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়ামের আয়োজন।<br>খ) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ এবং স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাগণকে নিয়ে মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে স্ব শরীরে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় উপস্থিত থাকবেন। মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাপূর্বক সভার তারিখ ও সময় নির্ধারণ করা হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ৮। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ডের মাধ্যমে মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে ব্যাপক প্রচার করতে হবে। এছাড়া নিজস্ব ভবনে মহান বিজয় দিবসের ড্রপ ওয়াল ব্যানার প্রদর্শন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

| নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৯। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে জেলা পরিষদ ও পৌরসভার অংশগ্রহণসহ দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। মহান বিজয় দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| | খ) স্ব স্ব অনুবিভাগ এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করবে। | স্থানীয় সরকার বিভাগের সকল অনুবিভাগ |
| ১০। | জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে এবং মুক্তিযুদ্ধে শহীদ/ আত্মদানকারী/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে মোনাজাত/প্রার্থনা করবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

০২। মহান বিজয় দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হয় এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানানো হয়। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।

স্বাক্ষরিত/-
১১/১২/২০২২
মুহম্মদ ইব্রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৩. ২০১৬-১৪৫৩/১(১৪) তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৯ / ১১ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

১। অতিরিক্ত সচিব (সকল অনুবিভাগ)/মহাপরিচালক(পমূপ), স্থানীয় সরকার বিভাগ
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৬। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর/চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/ময়মনসিংহ সিটি কর্পোরেশন
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ

পিন্টু বেপারী
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd